-৮-

ঢাকা ওয়াসা

ক্রঃ নং-১ ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
ক্রঃ নং-২ ক্যালকুলেশন সীট।
ক্রঃ নং-৩ প্রাক্কলণ।

বিষয়: Maintenance & Weed clearing, Sand filling and beautification work of various pump compounds of DMA-1005,1006,1014,1015 A,1015B under MODS Zone-10 Dhaka WASA .

১। উপরোক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মড্স জোন-১০ এর DMA-1005,1006,1014,1015 A,1015B এর আওতাধীন এলাকায় ৩২ (বত্রিশ) টি পানির পাম্প কম্পাউন্ড রয়েছে। কম্পাউন্ড সমূহের অভ্যন্তরে অধিকাংশই নিচু হওয়ায় বর্ষাকালে বৃষ্টির পানি জমে। এতে পাম্প কম্পাউন্ডে প্রবেশ করতে এবং দৈনন্দিন কাজ করতে অসুবিধা হয়। কম্পাউন্ড সমূহে প্রচুর আগাঁছা জন্ম নিয়েছে। এছাড়াও বর্ণিত পাম্প কম্পাউন্ড সমূহ বহুতল ভবনের পার্শ্ববর্তী হওয়ায় প্রায়শই সংলগ্ন ভবন সমূহ হতে ময়লা আবর্জনা পড়ে। ফলে প্রচুর মশার উপদ্রব হয়। ঢাকা উত্তর সিটি কর্পেরেশন হতে প্রায়শই পরিচ্ছন্নতাকর্মী এবং ভ্রাম্যমান মনিটরিং টিম পরির্দশনে এসে কম্পাউন্ডের অভ্যন্তরের ময়লা-আবর্জনা এবং আগাঁছা পরিস্কার সহ সর্বদায় পরিচ্ছন্ন রাখার তাগিদ দিয়ে যাচ্ছে। সুষ্ঠু কর্ম পরিবেশ বজায় রাখায় পাম্প কম্পাউন্ডের অভ্যন্তরে বালু ভরাট সহ আগাঁছা ও ময়লা-আবর্জনা পরিস্কার করা প্রয়োজন। বর্ণিত কাজ সমূহ সম্পন্ন করণের লক্ষ্যে ঠিকাদার কর্তৃক মালামাল সরবরাহ ধরে PWD রেট সিডিউল-২০২২ ও বাজার দর অনুযায়ী একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। প্রাক্কলিত টাকার পরিমাণ টাঃ ৪,৯৮,৪১১.৮৮৬ (চার লক্ষ আটানব্বই হাজার চারশত এগার দশমিক আট আট ছয় টাকা মাত্র) টাকা (ক্রঃ নং-৩ এ প্রাক্কলণ)। আলোচ্য কাজটি PPA-06 এবং PPR-08 (Amendment), BPR অনুসরণে e-GP (e-Government Procurement) এর Limited Tendering Method (LTM) এ দরপত্র আহবানের মাধ্যমে বাস্তবায়ন করা হবে। আলোচ্য কাজটি মড্স জোন-১০ এর ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় ক্রমিক-PW-৭৪ এ অন্তর্ভূক্ত আছে এবং কাজটির ব্যয়ভার পানির পাম্প কম্পাউন্ড রক্ষণাবেক্ষণ খাত (০১-০৪-০০৩) হতে নির্বাহ করা যেতে পারে (ক্রঃ নং-১ এ ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি) ।

২। এমতাবস্থায়,"Maintenance & Weed clearing, Sand filling and beautification work of various pump compounds of DMA-1005,1006,1014,1015 A,1015B under MODS Zone-10 Dhaka WASA." শীর্ষক কাজটি e-Government procurement (e-GP) এর মাধ্যমে Limited Tendering Method (LTM) এ সম্পাদনের নিমিত্তে প্রাক্কলিত টাঃ ৪,৯৮,৪১১.৮৮৬ (চার লক্ষ আটানব্বই হাজার চারশত এগার দশমিক আট আট ছয় টাকা মাত্র) টাকার সদয় অনুমোদন দেওয়া যেতে পারে, যা প্রধান প্রকৌশলী মহোদয়ের আর্থিক ক্ষমতার আওতাধীন।

২৭/৮/২৫
মোহাম্মদ বিল্লাহ আলমগীর
উপ-সহকারী প্রকৌশলী
মড্স জোন-১০, ঢাকা ওয়াসা।

২৭/০৮/২৫
Manik Chandra Monanayok
Assistant Engineer
MODS Zone-10
Dhaka WASA

E/E
১২/৮/২৫
মোঃ এরশাদুল হক
নির্বাহী প্রকৌশলী
মড্স জোন-১০, ঢাকা ওয়াসা।

SE/MC-2
২৭/০৮/২৫
প্রকৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্স সার্কেল-২, ঢাকা ওয়াসা।

০৩/ অনুমোদিত

৩১/০৮/২০২৫
CE sip
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

CamScanner